

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৭৪৫  
করবুক, ৯ জুলাই, ২০২৪

**মুখ্যমন্ত্রী আদর্শ ভিলেজ  
পতিছড়ি এডিসি ভিলেজে আলোচনাসভা**

করবুক ব্লকের পতিছড়ি এডিসি ভিলেজকে মুখ্যমন্ত্রী আদর্শ ভিলেজ হিসেবে গড়ে তোলার লক্ষ্যে সম্প্রতি ভিলেজে এক আলোচনাসভা অনুষ্ঠিত হয়। আলোচনাসভায় উপস্থিত ছিলেন বিধায়ক সঞ্জয় মানিক ত্রিপুরা, করবুক ব্লকের বিডিও দিব্যেন্দু দাস, মহকুমা স্বাস্থ্য আধিকারিক ধনমণি ত্রিপুরা, সমাজসেবী মোহন কুমার ত্রিপুরা ও বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। আলোচনাসভায় সভাপতিত্ব করেন পতিছড়ি উচ্চবিদ্যালয়ের প্রধান শিক্ষক কৃষ্ণধন ত্রিপুরা। আলোচনাসভায় বিধায়ক সঞ্জয় মানিক ত্রিপুরা বলেন, পতিছড়ি এডিসি ভিলেজের সার্বিক বিকাশে যোগাযোগ ব্যবস্থা, পানীয়জল, শৌচাগার, গুণগত শিক্ষার প্রসার, স্বাস্থ্য পরিষেবা সম্প্রসারণের উপর গুরুত্ব দিয়ে বিভিন্ন কর্মসূচি রূপায়িত হবে। সরকারি প্রকল্প ও পরিষেবার সুযোগ প্রকৃত সুবিধাভোগীদের কাছে পৌঁছে দেওয়ার উপর তিনি গুরুত্ব আরোপ করে বলেন, মুখ্যমন্ত্রী আদর্শ ভিলেজ কর্মসূচিতে ভিলেজ এলাকায় বসবাসরত জনসাধারণকে স্বনির্ভর করে তোলার উপর গুরুত্ব দিতে হবে।

আলোচনাসভায় বিডিও দিব্যেন্দু দাস পাওয়ারপয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে মুখ্যমন্ত্রী আদর্শ ভিলেজ প্রকল্পের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন। তিনি জানান, পতিছড়ি এডিসি ভিলেজকে মুখ্যমন্ত্রী আদর্শ ভিলেজ হিসেবে গড়ে তোলার লক্ষ্যে ভিলেজের ৬টি অঙ্গনওয়াড়ি কেন্দ্রে ছেলে ও মেয়েদের পৃথক পৃথক স্বাস্থ্যসম্মত শৌচাগার নির্মাণ করা হয়েছে। ভিলেজের ১৪টি অঙ্গনওয়াড়ি কেন্দ্রে পানীয়জলের ফিল্টার দেওয়া হয়েছে। ভিলেজের জগন্নাথটিলায় একটি অঙ্গনওয়াড়ি কেন্দ্র নির্মাণের কাজ চলছে। তাছাড়াও এই প্রকল্পে ভিলেজের ৪টি সড়ককে সর্বস্বত্বতে চলাচলের উপযুক্ত হিসেবে গড়ে তোলার জন্য কর্মপরিকল্পনা তৈরি করা হয়েছে। প্রধানমন্ত্রী আবাস যোজনা-গ্রামীণ প্রকল্পে ভিলেজের ৫২৩টি পরিবারকে পাকা আবাস নির্মাণের মঞ্জুরি দেওয়া হয়েছে।

\*\*\*\*\*